গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
২১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
www.brtc.gov.bd

স্মারক নং-৩৫.০৪.০০০০.০১১.০০.৪৯০(অংশ-৭).২২-/৫৪৪ তারিখ- ২৭/০২/২০২৩ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিআরটিসি'র নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। (সকল জেলার এতিম ও প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবে) |
|---|---|---|---|---|---|
| ১ | কারিগর-সি (সাধারণ) | ১৫ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬ গ্রেড ৯,৩০০-২২,৪৯০/- | মোটরযানের ত্রুটি উদঘাটনের জ্ঞান ও মোটরযান মেরামত এবং রক্ষণাবেক্ষণে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ মটরযান প্রকৌশলে সার্টিফিকেট। অবশ্যই মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশ হইতে হইবে। | নওগাঁ, নোয়াখালী, বগুড়া, ঢাকা, জামালপুর, কিশোরগঞ্জ, ভোলা, নারায়ণগঞ্জ, মাদারীপুর, ময়মনসিংহ, পটুয়াখালী, বাগেরহাট, কুমিল্লা, চাঁদপুর,সিরাজগঞ্জ, বরিশাল, গোপালগঞ্জ, খুলনা, ঝালকাঠী, মানিকগঞ্জ, টাঙ্গাইল, মাগুড়া, গাজীপুর, রাজশাহী, ফরিদপুর, দিনাজপুর, নেত্রকোনা, শরিয়তপুর, হবিগঞ্জ, পাবনা, ব্রাহ্মণবাড়ীয়া, নড়াইল, রাজবাড়ী, সুনামগঞ্জ, নীলফামারী, খাগড়াছড়ি, সাতক্ষীরা, মেহেরপুর, ঠাকুরগাঁও, গাইবান্ধা। |
| ২ | কারিগর-সি (ট্রেড) | ১২ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬ গ্রেড ৯,৩০০-২২,৪৯০/- | অন্ততঃপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশ হইতে হইবে। | নোয়াখালী, বগুড়া, ঢাকা, জামালপুর, কিশোরগঞ্জ, ভোলা, মাদারীপুর, ময়মনসিংহ, বাগেরহাট, কুমিল্লা, চাঁদপুর, সিরাজগঞ্জ, বরিশাল, গোপালগঞ্জ, খুলনা, ঝালকাঠী, মানিকগঞ্জ, টাঙ্গাইল, জয়পুরহাট, মাগুড়া, গাজীপুর, নরসিংদী, ফরিদপুর, নেত্রকোনা, কুষ্টিয়া, শরিয়তপুর,পাবনা, ব্রাহ্মণবাড়ীয়া, রংপুর, গাইবান্ধা, মৌলভীবাজার। |

১. **১৯/০৩/২০২৩ খ্রিঃ** তারিখে প্রার্থীর **বয়সসীমা ১৮- ৩০ বছর** (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রার্থীর বয়সসীমা নির্ধারিত হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

২. সরকারী, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা প্রদান করতে হবে।

৩. **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://brtc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরুপ:

(ix) Online- এ আবেদনপত্র পুরণ ও আবেদন ফি জমাদান শুরুর **তারিখ ও সময়: ০২/০৩/২০২৩ খ্রিঃ, সকাল ১০:০০ টা।**

(x) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ **তারিখ ও সময়: ১৯/০৩/২০২৩ খ্রিঃ, বিকাল ৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরনকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পুর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পুরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষন করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৩০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS:BRTC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example:BRTC ABCDEF***

*Reply: Applicant's Name, Tk……. Will be charged as application fee. Your pin is 12345678. To pay fee Type* BRTC *<space>yes<space>pin and send to 16222.*

দ্বিতীয় SMS: BRTC *<space>yes<space>*PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: BRTC yes 12345678***

*Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for ………Application for post* Office Conductor-D (Counterman) *User ID is (ABCDEF) and password (xxxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://brtc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তিতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

Scanned with CamScanner

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্নিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ix) User ID জানা থাকলে BRTC <space>Help<space>User<space>User ID, Send to 16222.
Example: BRTC Help User ABCDEF & send to 16222

(x) Pin Number জানা থাকলে BRTC <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BRTC Help PIN 12345678 & send to 16222

৪. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। আবেদনের স্বপক্ষে সকল সনদ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রদর্শন করতে হবে।

৫. "আমাদের সময়" ও "দেশ রুপান্তর" পত্রিকায় ০৮/১২/২০২২ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনকৃতদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৬. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বিআরটিসি'র ওয়েবসাইটে www.brtc.gov.bd পাওয়া যাবে।

৭. লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮. নিয়োগে সরকারের সর্বশেষ বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে।

৯. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

১০. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে।

১১. উপরে উল্লেখিত নির্দেশনার কোন অষ্পস্টতা থাকলে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

**মোহাম্মদ সাইদুর রহমান**
**(উপসচিব)**
জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ)
বিআরটিসি।
ফোন: ৪১০৫১৩৩৪ (অফিস)

Scanned with CamScanner